দৈনিক

# ইত্তেফাক

তারিখ: 08 SEP 2017
পৃষ্ঠা: ১৫ কলাম: ৬



মুকসুদপুর (গোপালগঞ্জ) : ছাত্র-ছাত্রীদের উপস্থিতি নিশ্চিত করতে বৈঠক করছেন ক্লাবের সদস্যরা —ইত্তেফাক

## ছাত্র-ছাত্রীদের শতভাগ স্কুলগামী করার অভিযান চালিয়ে যাচ্ছে মুকসুদপুরের পল্লীমঙ্গল ক্লাব

■ মুকসুদপুর (গোপালগঞ্জ) সংবাদদাতা

মুকসুদপুর উপজেলার দিগনগর ইউনিয়নের কানুড়িয়া গ্রামসহ পার্শ্ববর্তী গ্রামসমূহে যুগ যুগ ধরে সাধারণ মানুষের মাঝে বিভিন্ন শিক্ষামূলক কার্যক্রমের পাশাপাশি বিভিন্ন সামাজিক কর্মকাণ্ড চালিয়ে আসছে পল্লীমঙ্গল ক্লাবের সদস্যরা।

বর্তমানে এলাকার বিভিন্ন স্কুল, কলেজ ও মাদ্রাসার ছাত্রছাত্রীদের বাড়ি বাড়ি গিয়ে উঠান বৈঠকের মাধ্যমে বিদ্যালয়ে শতভাগ উপস্থিত থাকার বিষয় ও শহরের ছাত্রছাত্রীদের মতো মফস্বলের ছাত্রছাত্রীরাও ভালো ফলাফল করতে পারে সে ব্যাপারেও বিভিন্ন কলাকৌশল নিয়ে আলোচনা করছে ক্লাবের তরুণ সদস্যরা। ক্লাবের প্রবীণ সদস্য মিয়া হায়দার আলী জানায়, স্বাধীনতার পরবর্তীতে ১৯৭৫ সালে এলাকার কয়েকজন তরুণ মিলে ক্লাবটি প্রতিষ্ঠিত করে- যা পরে গুটি গুটি পায়ে এগিয়ে ২০০৮ সালে সরকারি তালিকাভুক্ত হয়। এরপর ক্লাবের সভাপতি আলমগীর হোসেনের নেতৃত্বে এলাকায় বিভিন্ন শিক্ষা ও সচেতনতামূলক কার্যক্রম খুব জোরেসোরে এগিয়ে চলছে।

দিগনগর উচ্চ বিদ্যালয়ের সপ্তম শ্রেণির ছাত্রী সাথী মিত্র জানায়, পল্লীমঙ্গল ক্লাবের সদস্যরা আজকের মতো প্রায়ই আমাদের বাড়ি এসে মফস্বলে থেকেও আমরা কিভাবে ভালো ফলাফল করতে পারি ও আমরা নিয়মিত কিভাবে বিদ্যালয়ে উপস্থিত থাকতে পারি, সে ব্যাপারে অভিভাবকদের বিভিন্ন পরামর্শ দিয়ে থাকে। যা থেকে আমরা ভালো ফলাফল করতে উৎসাহ বোধ করছি।

ক্লাবের সভাপতি মো. আলমগীর হোসেন জানায়, আমরা দীর্ঘদিন ধরে শিক্ষার পাশাপাশি, খেলাধুলা, বৃক্ষরোপণ,অগ্নিকাণ্ডে সতর্কতা, পরিষ্কার-পরিছন্নতা অভিযান, বাল্য বিবাহ রোধ, জঙ্গি বিরোধী ও জঙ্গি বিষয়ে সচেতনতা, মাদক বিরোধী আন্দোলন ও মেধাবী ছাত্রছাত্রীদের পুরস্কার বিতরণ করে আসছি।

দিগনগর ইউনিয়ন চেয়ারম্যান মোহম্মাদ আলী জানায়, পল্লীমঙ্গল ক্লাবের সদস্যরা আমার ইউনিয়ন ছাড়াও বিভিন্ন এলাকায় শিক্ষার পাশাপাশি বিভিন্ন সচেতনতামূলক কাজের ব্যাপক প্রচারণা চালিয়ে আসছে।